

মাদরাসা শিক্ষার্থীদের জন্য যে সুখবর

অনলাইন ডেক্স

প্রকাশিত: ০০:৩৪, ২ অক্টোবর ২০২৫



ছবি: সংগৃহীত

বয়স শিথিল করে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে দাখিল নবম শ্রেণিতে রেজিস্ট্রেশনের সুযোগ দিচ্ছে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড। আবেদন শুরু হচ্ছে আগামী ৫ অক্টোবর থেকে।

সোমবার (২৯ সেপ্টেম্বর) বোর্ডের ওয়েবসাইটে এসংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। মাদরাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রার অধ্যাপক ছালেহ আহমাদ স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত দাখিল/আলিম এবং ইসলামি ও আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাজিল/কামিল পর্যায়ের মাদরাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে দাখিল নবম শ্রেণিতে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নের্বর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে e-SIF পদ্ধতিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশাবলি-

যে সকল শিক্ষার্থীর বয়স ২০২৫ সালের ১লা জানুয়ারি তারিখে সর্বনিম্ন ১৪ বছর এবং সর্বোচ্চ ২০ বছর সে সকল শিক্ষার্থী সরাসরি ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশনের বয়স-সীমা ১৪ থেকে

২৫ বছর পর্যন্ত। যে সকল শিক্ষার্থী ৮ম শ্রেণিতে রেজিস্ট্রেশন করার সুযোগ পায়নি সেসকল শিক্ষার্থী প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে মাদরাসা বোর্ডে আবেদন করে সরাসরি ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে। বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক মোবাইল সিম ব্যবহার করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় অবশ্যই তার ব্যক্তিগত (যদি থাকে) মোবাইল নম্বর অথবা অভিভাবকের মোবাইল নম্বর ইনপুট দিতে হবে। একটি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র একজন শিক্ষার্থীরই রেজিস্ট্রেশন করা যাবে।

অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা ৫ অক্টোবর থেকে ২০ অক্টোবর পর্যন্ত জমা দেওয়া যাবে। রেজিস্ট্রেশন ফি জমা (বিলম্বসহ) ২১ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত দেওয়া যাবে।